বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন
সিকিউরিটিজ কমিশন ভবন
ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭
www.sec.gov.bd

সূত্র নং- বিএসইসি/সার্ভেইল্যান্স/মুখপাত্র (৫ম খন্ড)/২০১৯/২২৪ তারিখঃ ০৫ পৌষ, ১৪২৭ বঙ্গাব্দ
২০ ডিসেম্বর, ২০২০ খ্রিষ্টাব্দ

# প্রেস বিজ্ঞপ্তি

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মশতবর্ষ যথাযোগ্য মর্যাদায় উৎযাপন করার লক্ষে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন কর্তৃক গৃহীত কর্মসূচির অংশ হিসেবে ২০ শে ডিসেম্বর, ২০২০ তারিখে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের শ্রদ্ধেয় চেয়ারম্যান অধ্যাপক শিবলী রুবাইয়াত-উল-ইসলাম এর নেতৃত্বে কমিশনের কমিশনারগণ, মুজিববর্ষ উপলক্ষে গঠিত কর্মসূচি বাস্তবায়ন কমিটির সকল সদস্য এবং নির্বাহী পরিচালকগণ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর সমাধিতে শ্রদ্ধা নিবেদন পূর্বক বঙ্গবন্ধু ও তার পরিবারের সদস্যসহ সকল শহীদের আত্মার মাগফেরাত কামনা করে মোনাজাত করেন। বঙ্গবন্ধুর সমাধিতে শ্রদ্ধা নিবেদন করে চেয়ারম্যান মহোদয়সহ কমিশানারগণ প্রফেসর ড. মিজানুর রহমান, ড. শেখ শামসুদ্দিন আহমেদ, জনাব মোঃ আবদুল হালিম এবং জনাব খন্দকার কামালউজ্জামান পরিদর্শন বইয়ে স্বাক্ষর করেন।

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মশতবর্ষ উপলক্ষে কমিশনের চেয়ারম্যান মহোদয় অধ্যাপক শিবলী রুবাইয়াত-উল-ইসলাম, গোপালগঞ্জ জেলা আওয়ামীলীগের সাধারন সম্পাদক জনাব মাহবুব আলী খান, টুঙ্গিপাড়া উপজেলা পরিষদের চেয়ারম্যান জনাব মোঃ সোলায়মান বিশ্বাস, মাননীয় প্রধানমন্ত্রীর রাজনৈতিক সহকারী জনাব এনামুল হক (কালু), টুঙ্গিপাড়া উপজেলা ছাত্রলীগের সভাপতি জনাব রেজাউল হক বিশ্বাস এবং জনাব মোস্তফা মোতাহার হোসেন প্রিন্স বৃক্ষরোপণ করেন। এছাড়াও কমিশনের চেয়ারম্যান মহোদয় টুঙ্গীপাড়া উপজেলা পরিষদ এর সামনে ও হেলিপ্যাড সংলগ্ন স্থানে সমাপ্ত হওয়া ৩৫০ টি বৃক্ষ রোপন কর্মসূচির নামফলক উদ্বোধন করেন।

উল্লেখ্য যে, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মশতবর্ষ উপলক্ষে বাংলাদেশ সিকিউরিটিজ এক্সচেঞ্জ কমিশনের পৃষ্ঠপোষকতায় টুঙ্গিপাড়া উপজেলা পরিষদ এবং কৃষি সম্প্রসারন অধিদপ্তর, টুঙ্গিপাড়া এর যৌথ উদ্যোগে উক্ত বৃক্ষ রোপন কর্মসূচি বাস্তবায়িত হয়েছে।

20-12-20
মোহাম্মদ রেজাউল করিম
নির্বাহী পরিচালক (চলতি দায়িত্ব) ও মুখপাত্র